

সম্ভ্রষ্ট মোদী, উড়লেন অভ্যাল থেকে

সুনন্দ ঘোষ • অভ্যাল



প্রথম যাত্রী। অভ্যাল থেকে দিল্লি রওনা হওয়ার আগে।- বিশ্বনাথ বণিক

সৃষ্টি অনুযায়ী অভ্যালে নামলেন। সন্ধ্যায়ও প্রকাশ করলেন। তার পর বিমানে উড়েও গেলেন। কিন্তু দিল্লি ফেরার তাড়ায় 'প্রথম যাত্রী' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঁচ মিনিটও ঘুরে দেখলেন না নতুন টার্মিনাল। এটুকুই যা আক্ষেপ বিমানবন্দর কর্তৃপক্ষের।

তবে তা বাদ নিয়ে ব্যক্তিগত ঠিকঠাক উতরে যাওয়ার খুশি অভ্যাল বিমানবন্দর কর্তৃপক্ষ। বলা হচ্ছে, ভারতের বিমান পরিবহন ইতিহাসে এ এক নতুন সূচনা। সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে তৈরি ভারতের প্রথম বিমানবন্দর এটি। লাইসেন্স পাওয়ার পরে প্রধানমন্ত্রীর বিশেষ বিমানের জন্য এই প্রথম ব্যবহার হল অভ্যাল বিমানবন্দর। কিন্তু শেষ মুহূর্ত পর্যন্ত হলে ছিল প্রধানমন্ত্রীর অভ্যাল সফর।

বিমানবন্দরে বসানো যে যন্ত্র প্রকাশ থেকে বিমানকে পথ দেখিয়ে গামিয়ে আনে বিমানবন্দরে, অভ্যালের সেই ডেরি-হাট ফ্লিকোয়েপি ওমনি গাইডরেকশনাল রেডিও রেঞ্জ ডিওআর) ছাড়পত্র আটকে ছিল

শুরুবার বিকেল পর্যন্ত। যন্ত্রটি বসানো ছিল আগেই। বিমানবন্দরে নামতে গেলে আকাশের কোন পথ দিয়ে এসে বিমানকে কখন নামতে শুরু করতে হবে, বিমানবন্দরের অবস্থানটি ঠিক কোথায়, তা জানিয়ে দেয় এই ডিওআর। এই যন্ত্র ব্যবহারের অনুমতি না গেলে বিমান ওঠানামা করা মুশকিল। প্রধানমন্ত্রী ফেরার পথে অভ্যাল বিমানবন্দর হয়ে কিরবেন এমনটা ঠিক হওয়ার পরে নড়েচড়ে বসেন বিমানবন্দর কর্তৃপক্ষ। ব্যক্তি সব

আয়োজন ঠিক হলেও পাওয়া যাচ্ছিল না ডিওআর ব্যবহারের অনুমতি। শুরুবার রাতে দিল্লির ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন (ডিজিসিএ) থেকে ছাড়পত্র আসার পরে হাফ ছেড়ে বেঁচেছেন অভ্যাল বিমানবন্দর কর্তৃপক্ষ।

রবিবার দুপুরে সৃষ্টি অনুযায়ী অভ্যালে নেমেছেন প্রধানমন্ত্রী। বিমানবন্দরের কর্তাসের আশা ছিল, হেলিকপ্টার থেকে নেমে বিমানে ওঠার মধ্যে অল্পত পাঁচ মিনিটের

জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক বার নতুন টার্মিনাল ঘুরে দেখবেন। কিন্তু, মোদী সে পথ মার্তননি। অভ্যাল বিমানবন্দরের অন্যতম কর্তা পার্থ ঘোষ জানান, নতুন এই বিমানবন্দর নিয়ে সম্ভাব্য প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী। জানা গিয়েছে, দিল্লি ফেরার তাড়া ছিল বলেই তিনি এ দিন টার্মিনাল ঘুরে দেখার সময় পাননি।

রবিবার সকালে কলকাতা থেকে বায়ুসেনার হেলিকপ্টারে মোদী বার্নপুর উড়ে যান। বায়ুসেনার যে বোয়িং বিজনেস জেট বিমানে মোদী শনিবার বিকেলে দিল্লি থেকে কলকাতায় নামেন, সেটি শনিবার রাত কলকাতায় কাটিয়ে রবিবার সকাল সাড়ে দশটায় নামে অভ্যালে। প্রধানমন্ত্রীর সফরসমী কয়েক জনকে ওই বিমানবন্দরে নামিয়ে দিয়ে যায় বায়ুসেনার একটি হেলিকপ্টার। স্থানীয় কিছু মানুষও এ দিন বিমানবন্দরের বাইরে প্রধানমন্ত্রীর বিমান ও হেলিকপ্টারে দেখার জন্য ভিড় জমিয়েছিলেন। নিরাপত্তার যা কড়াকড়ি ছিল তাতে অবশ্য বিমানবন্দরের টার্মিনালের ধারেকাছে কাটিকে বেঁধতে দেওয়া হয়নি।